

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ২২

তারিখ: জুন ০১, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

আমদানি বাণিজ্যে বৈদেশিক অর্থায়ন (বায়ার্স ক্রেডিট/সাপ্লায়ার্স ক্রেডিট) : পরিশোধ কার্যক্রমে শৃঙ্খলা আনয়ন প্রসংগে।

বিলম্বিত মূল্য পরিশোধ ব্যবস্থায় আমদানিযোগ্য পন্যের বিপরীতে বৈদেশিক উৎস হতে গৃহীত স্বল্প মেয়াদী (১ বছর পর্যন্ত) অর্থায়ন সাম্প্রতিক সময়ে বৃদ্ধি লক্ষ্য করা যাচ্ছে। এক্ষেত্রে পরিশোধ কার্যক্রম একীভূত দায়ের সাথে অসংগতিপূর্ণ, যা আনুপাতিক হারে বৃদ্ধি পাচ্ছে না। এ ধারা অব্যাহত থাকলে যে কোন মূহূর্তে অস্বাভাবিকভাবে বৈদেশিক দায় পরিশোধের উপলক্ষ্য সৃষ্টি হতে পারে, যা স্থানীয় বৈদেশিক মুদ্রা বাজারে চাপ সৃষ্টি করতে পারে।

এ ধরণের বুঁকি এড়ানোর লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন হতে সকল ধরণের স্বল্প মেয়াদী বায়ার্স/সাপ্লায়ার্স খণ্ড গ্রহণের ক্ষেত্রে নিম্নরূপ পরিশোধ ব্যবস্থা অনুসরণীয় হবে :

i) ছয় মাস মেয়াদী অর্থায়ন এবং সর্বোচ্চ মাস্তক: ৫০০,০০০ অথবা এর সমপরিমাণ মূল্যের অর্থায়নের জন্য এককালীন পরিশোধ ব্যবস্থা প্রযোজ্য থাকবে।

ii) ছয় মাসের উর্ধ্বে কিংবা মাস্তক: ৫০০,০০০ অথবা এর সমপরিমাণ মূল্যের অধিক অর্থায়নের ক্ষেত্রে এককালীন পরিশোধ ব্যবস্থা প্রযোজ্য হবে না। এক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে পরিশোধ করতে হবে। সম্ভাব্য নগদ প্রবাহের সম্ভাবনার বিষয় বিবেচনায় প্রথম ত্রৈমাসের পরে পরিশোধ্য কিন্তি পরবর্তী কিন্তিগুলোর চেয়ে কম হতে পারবে, তবে মোট পরিশোধ্য মূল্যের এক-দশমাংশের কম হতে পারবে না।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকরী হবে। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বাস,

স্বা/-

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০